দৈনিক সংবাদ

MAR. 23 2002

তারিখ ... পৃঃ ৭ কলাম ৩

# বরগুনায় নবম শ্রেণীর ছাত্রীকে ছুরিকাঘাত

বরগুনা থেকে নিজস্ব সংবাদদাতা : প্রেম নিবেদন করে প্রত্যাখ্যাত হওয়ায় ক্ষুব্ধ প্রেমিক ছুরিকাঘাত করেছে নবম শ্রেণীর এক ছাত্রীকে। স্থানীয় জনতা গণধোলাই দিয়ে তাকে পুলিশে সোপর্দ করেছে। মঙ্গলবার সকালে এ ঘটনা ঘটে গৌরীচন্না হাই-স্কুল এলাকায়।

সদর উপজেলার গৌরীচন্না মাধ্যমিক বিদ্যালয়ের ৯ম শ্রেণীর ছাত্রী আয়শা সিদ্দিকার সঙ্গে একই গ্রামের আল-আমিন প্রেম নিবেদন করে ব্যর্থ হয়। গতকাল সকালে আয়শা সিদ্দিকা স্কুলে এলে ব্যর্থ প্রেমিক আল-আমিন এক হাতে বিষের বোতল অন্য হাতে ছুরি নিয়ে তার পথ রোধ করে দাঁড়ায় এবং আত্মহত্যার হুমকি দেয়; প্রেমিকার মনোভাব ভাল না দেখে আল-আমিন ক্ষুব্ধ হয়ে আয়শা সিদ্দিকাকেই ছুরিকাঘাত করে। এ সময় বিদ্যালয়ের ছাত্র ও পার্শ্ববর্তী লোকজন দৌড়ে এসে আল-আমিনকে ধরে গণধোলাই দিয়ে পুলিশে সোপর্দ করে। পরে গুরুতর আহত অবস্থায় আল-আমিনকে বরিশাল শেরে বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে এবং আয়শা সিদ্দিকাকে বরগুনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।